



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/17/2022

গভর্নর ক্যাথি হোকল

## গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"যখন আমি প্রথম 2011 সালে কংগ্রেসে নির্বাচিত হয়েছিলাম, আমি নির্ভীক ন্যান্সি পেলোসির নেতৃত্বে একটি ডেমোক্রেটিক ককাসে যোগ দিতে পেরে গর্বিত হয়েছিলাম। গত এক দশক ধরে, আমি স্পিকার পেলোসিকে একজন বন্ধু হিসেবে পেয়ে সম্মানিত হয়েছে, এবং নিউ ইয়র্কবাসীরা তাকে ডেমোক্রেট হাউজের (House Democrats) অনমনীয় নেতা হিসেবে পেয়ে ভাগ্যবান হয়েছে। সাশ্রয়ী কেয়ার অ্যাক্ট (Affordable Care Act) থেকে শুরু করে আমেরিকান উদ্ধার পরিকল্পনা (American Rescue Plan) পর্যন্ত, স্পিকার পেলোসির মুখ্য বিধানিক অর্জনসমূহ নিউ ইয়র্কবাসীকে আরো নিরাপদ, স্বাস্থ্যবান এবং আরো সমৃদ্ধ জীবনযাপন করতে সাহায্য করেছে। প্রথম নারী হিসেবে হাউজের স্পিকার হিসেবে দায়িত্ব পালন করে, তিনি আমাদের দেশকে মারাত্মক সব সঙ্কটের মধ্যে সাহসিকতা ও প্রশংসনীয়ভাবে নেতৃত্ব দিয়েছেন, যার মধ্যে রয়েছে একটি আর্থিক সঙ্কট, একটি প্রজন্মে একবার আসে এমন মহামারী, এবং মার্কিন ক্যাপিটলে একটি ভয়ঙ্কর আক্রমণ। স্পিকার পেলোসি এই দেশকে আরো ভালো একটি স্থান করে তুলেছেন এবং আমাদের কাছ থেকে তার ব্যাপক কৃতজ্ঞতা পাওনা রয়েছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418